




ভাইস-চ্যান্সেলর
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
শাহবাগ, ঢাকা

নং- বিএসএমএমইউ/২০২০/৫৫৯৬

তারিখঃ ১১/০৪/২০২০ খ্রিঃ

মহান মুক্তিযুদ্ধে সর্বোচ্চ সংখ্যায় আত্মদানকারী পেশাজীবী বাংলাদেশের মহান চিকিৎসকগণ আপনারা আমার সশ্রদ্ধ
অভিবাদন গ্রহণ করুন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে মহান মুক্তিযুদ্ধে যেমন আমরা জয়ী
হয়েছিলাম ঠিক তেমনি জাতির জনকের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজকে
আমরা করোনা সংক্রমণের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়েছি। এই যুদ্ধে চিকিৎসক, নার্স ও অন্যান্য সেবা কর্মীরা হচ্ছেন
অগ্রবর্তী বাহিনী। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে পুরো জাতি আপনাদের সাথে আছে। এই যুদ্ধে জয়ী হওয়ার কোন বিকল্প
নেই। পর্যাপ্ত Protective equipment এ সজ্জিত হয়ে আপনাদের জ্ঞান, অভিজ্ঞতা ও মানবিকতা নিয়ে রোগীদের
পাশে দাঁড়ান। মনে রাখবেন করোনা আক্রান্ত রোগীরা আমাদের কারো না কারোর আপনজন এবং তাঁদের এই বিপদে
আমরা চিকিৎসক সমাজ দূরে থাকতে পারি না।

মহান সৃষ্টিকর্তা আমাদের সহায় হোন।


অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া
ভাইস চ্যান্সেলর
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়